

বিএআরআই সাফল্য (জুলাই ২০১৮ হতে সেপ্টেম্বর ২০১৮)

ক্রমিক নং	ফসলের নাম	জাতের নাম	নিবন্ধনের তারিখ	ফলন (টন/হেক্টর)	প্রধান বৈশিষ্ট্য
1)	বার্লি	বারি বার্লি-৯	১৯-০৮- ২০১৮	দানা ২.২ খড় ৪.২	জাতটির গড় উচ্চতা ১০০ সেমি. এবং প্রতি গাছে ৩টি করে কার্য কর কুশি আছে। জাতটির শীষ ৮.৯ সেমি. লম্বা, শীষে দানা ৬ সারি বিশিষ্ট হয় এবং প্রতি শীষে গড়ে ৩৮ টি করে দানা আছে। দানা খোসামুক্ত ও খড় বর্ণের এবং ১০০০ দানার ওজন ৩৬ গ্রাম। জাতটি ৯৭-৯৯ দিনে পরিপক্ব হয়। কম খরচে ও কম উর্বর জমিতে চাষ উপযোগী। জাতটিতে খড়ের পরিমাণ বেশী হয় বিধায় খরা প্রবণ এলাকায় যেখানে গবাদী পশুর খাবারের অভাব রয়েছে সেখানে চাষ করা উপযোগী।
2)	ছোলা	বারি ছোলা-১১	১৯-০৮- ২০১৮	১.২০-১.৫	গাছ মাঝারী আকৃতির (৪৯-৫৭ সেমি.), প্রায় খাড়া প্রকৃতির গাছ, বীজের রং উজ্জল বাদামি, ফুলের রং গোলাপী এবং মাঝারী আকৃতির, গাছের শাখা প্রশাখাসহ মূল কাণ্ডে খয়েরী পিগমেন্ট বিদ্যমান, স্বল্প মেয়াদী (১০০-১০৬ দিন) হওয়ায় ছোলার মারাত্মক রোগ বিজিএম অনেকটাই সহনশীল, বীজ মাঝারী আকৃতির।
3)	করলা	বারি করলা-৪	১৯-০৮- ২০১৮	২৩.২০	উচ্চ ফলনশীল, গাছ প্রতি ফলের সংখ্যা গড়ে ৪০ টি। ফলের গড় ওজন ১০৭ গ্রাম, গাছ প্রতি ফলন ৪ কেজি। ফল মাঝারী সবুজ, লম্বা চোঙাকৃতির এবং আচিলযুক্ত। জাতটি ভাইরাস রোগ সহনশীল।
4)	টমেটো	বারি টমেটো-২১	১৯-০৮- ২০১৮	৮৪.৭১	আকর্ষণীয় লাল রং এর Oblong আকৃতির ফল এবং লাইকোপেন সমৃদ্ধ। গাছের বৃদ্ধি Determinate ধরনের। গাছ প্রতি গড়ে ফলের সংখ্যা ৪৬ টি এবং গড় ওজন ৯২ গ্রাম। ফিউজেরিয়াম উইল্ট রোগ প্রতিরোধী ও ব্যাকটেরিয়া জনিত চলে পড়া রোগ সহনশীল।
5)	টমেটো	বারি হাইব্রিড টমেটো- ১১	১৯-০৮- ২০১৮	৪৮.৪০	গড়ে গাছ প্রতি ফলের সংখ্যা ২০ টি, ফলের গড় ওজন ৭৬ গ্রাম, গাছ প্রতি গড়ে ফলন ১.৫০ কেজি। ফল আকর্ষণীয় লাল রং এর Oblong আকৃতির এবং খেতে নরম ও সুস্বাদু। ভাইরাস জনিত রোগের প্রকোপ খুবই কম।
6)	লেবু	বারি লেবু-৫ (কলম্বো লেবু)	১৯-০৮- ২০১৮	২৬.০৯	উচ্চ ফলনশীল, নিয়মিত ও সারা বছর ফলদানকারী। গাছটির পাতা তুলনামূলকভাবে অনেক বড় ও ঝোপালো। ফল ডিম্বাকৃতি আকারে বড় (প্রতি ফলের গড় ওজন ২৬৮ গ্রাম), ফল সুগন্ধিযুক্ত, সাধারণত খোকাকারে ধরে। ফল দেখতে উজ্জল ও সবুজ বর্ণের এবং টিএসএস ৭.০৭%। ফলের অভ্যন্তরে ১১-১২টি খন্ড বিদ্যমান এবং খাদ্যোপযোগী অংশ প্রায় ৮১.৮৭%। পাঁচ বছর বয়সী প্রতিটি গাছে ফলের সংখ্যা ৮৭টি এবং ফলন ৬৭ কেজি/গাছ/বছর।
7)	জারালেবু	বারি জারালেবু-১	১৯-০৮- ২০১৮	১৩.৬৪	উচ্চ ফলনশীল, নিয়মিত প্রচুর ফলদানকারী। গাছটির পাতা তুলনামূলকভাবে অনেক বড় ও ঝোপালো। ফল লম্বাকৃতি ও বড় (প্রতি ফলের গড় ওজন ৮৮১.৬৭ গ্রাম), সাধারণত একক ভাবে ধরে। ফল দেখতে উজ্জল সবুজ বর্ণের এবং টিএসএস ৬.৭২%। ফলের অভ্যন্তরে ১২টি খন্ড বিদ্যমান এবং খাদ্যোপযোগী অংশ প্রায় ৬৯.৯৮%। লেমন বাটার ফ্লাই ও লীফ মাইনার এর আক্রমণ কম। পাঁচ বছর বয়সী প্রতিটি গাছে গড় ফলের সংখ্যা ২৪.৫৮ টি এবং ফলন ২১.৮৩ কেজি/গাছ/বছর।
8)	বাতাবিলেবু	বারি বাতাবিলেবু-৬	১৯-০৮- ২০১৮	১২.২০	উচ্চ ফলনশীল, নিয়মিত ফলদানকারী। ফল উপ-বৃত্তাকার, পাকা ফলের রং সবুজাভ হলুদ এবং ফলের গড় ওজন ১ কেজি। শীষ আকর্ষণীয় লাল রংয়ে, খুব রসালো, নরম, সুস্বাদু ও সম্পূর্ণ তিতাবিহীন। ফলের কোষ খুব সহজে আলাদা করা যায়। খাদ্যোপযোগী অংশ ৫৭%। আট বছর বয়সী গাছ প্রতি গড় ফলের সংখ্যা ৫০ টি এবং ফলন ৪৪ কেজি/গাছ/বছর। রোগ ও পোকা-মাকড় এর আক্রমণ কম।